গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
চরফ্যাসন, ভোলা
bbs.charfesson.bhola.gov.bd

স্মারক নং-৫২.০১.০৯২৫.০০০.১৪.০০১.১৯- ০০১

তারিখ: ০২/০১/২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাঁইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র চরফ্যাসন উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রশিক্ষণ: ৪০০/-(প্রতিদিন)<br>পারিতোষিক: ৮৫০০/-(ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন।<br>পারিতোষিক: ৮০০০/-(ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**বি:দ্র:** উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.charfesson.bhola.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.bhola.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।

২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখপূর্বক আগামী ১৬/০১/২০২০খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।

১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

**১৩) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

02.01.2020

মোঃ রুহুল আমিন
উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাসন, ভোলা
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
চরফ্যাসন, ভোলা

# আবেদন ফরম

ফরম নং-__________

**পদের নাম: গণনাকারী/সুপারভাইজার।** (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন দিন √ ) (অফিস কর্তৃক পূরণীয়)

(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্ব হস্তে পূরণ করুন)

১. প্রার্থীর নাম : বাংলায় :
(ইংরেজি বড় অক্ষরে) :

২. পিতার নাম : বাংলায় :
(ইংরেজি বড় অক্ষরে) :

৩ মাতার নাম : বাংলায় :
(ইংরেজি বড় অক্ষরে) :

৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
C/O :
HOLDING NO :
VILLAGE :
PO :
UPAZILA :

৫ জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) :

৬. জন্ম তারিখ (ইংরেজিতে) :

৭ যে মৌজায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন) :

৮ শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :

৯. মোবাইল নম্বর (ইংরেজিতে) :

১০ নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ না
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson:……..,
আপনার ফোনের স্ক্রীন সাইজ………….ইঞ্চি

১১ শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 1 | 2 | 0 | 2 | 0 |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

ঙ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।